

# সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১২১৯

১২/ ক্রয়-বিক্রয় ও ব্যবসা-বাণিজ্য (ﷺ) পরিচ্ছেদঃ ১১. মোদাববার গোলাম বিক্রয়

باب مَا جَاءَ فِي بَيْعِ الْمُدَبَّرِ

#### আরবী

حَدَّثَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةً، عَنْ عَمْرِو بْنِ دِينَارٍ، عَنْ جَابِرٍ، أَنَّ رَجُلاً، مِنَ الأَنْصَارِ دَبَّرَ غُلاَمًا لَهُ فَمَاتَ وَلَمْ يَتْرُكُ مَالاً غَيْرَهُ فَبَاعَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم مِنَ الأَنْصَارِ دَبَّرُ غُلاَمًا لَهُ فَمَاتَ وَلَمْ يَتْرُكُ مَالاً غَيْرَهُ فَبَاعَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم فَاشْتَرَاهُ نُعَيْمُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ النَّحَّامِ . قَالَ جَابِرٌ عَبْدًا قِبْطِيًّا مَاتَ عَامَ الأَوَّلِ فِي إِمَارَةِ ابْنِ الزُّبَيْرِ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ حَسَنٌ صَحَيحٌ وَقَدْ رُويَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَديث عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ لَمْ يَرَوْا بِبَيْعِ الْمُدَبَّرِ بَأْسًا . وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . وَكُرِهَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدُ وَإِسْحَاقَ . وَكُرِهَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدُ مَا الْمُدَبَّرِ بَأْسًا . وَهُو قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدُ وَإِسْحَاق . وَهُو قَوْلُ الله عليه وسلم وَغَيْرِهِمْ بَيْعَ الْمُدَبَّرِ . وَهُو قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَمَالِكٍ وَالأَوْزَاعِيِّ .

#### বাংলা

১২১৯। জাবির (রাঃ) হতে বর্ণিত আছে, আনসার বংশের এক লোক মৃত্যুবরণ করল তার গোলামকে মুদাব্বার করার পর। সে লোকটি আর কোন সম্পদ রেখে যায়নি ঐ গোলামটি ব্যতীত। রাসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম একে বিক্রয় করলেন। তাকে কিনলেন নুআইম ইবনু আবদুল্লাহ ইবনু নাহহাম (রাঃ)। জাবির (রাঃ) বলেন, সে ছিল কিবতী বংশোদ্ভূত গোলাম। সে ইবনু যুবাইর (রাঃ)-এর খিলাফাতের প্রথম বছরমৃত্যুবরণ করেন। সহীহ, ইরওয়া (১২৮৮), বেচা-কেনার হাদীস, বুখারী, মুসলিম

এ হাদীসটিকে আবু ঈসা হাসান সহীহ বলেছেন। এটা বিভিন্ন সূত্রে জাবির (রাঃ) হতে বর্ণিত হয়েছে। এ হাদীস অনুযায়ী রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের একদল বিশেষজ্ঞ সাহাবী ও অপরাপর আলিম আমল করেছেন। তারা মুদাব্বার গোলাম বিক্রয়ে কোন সমস্যা আছে বলে মনে করেন না। এই মত দিয়েছেন ইমাম শাফিঈ, আহমাদ ও ইসহাক।

মুদাববার গোলাম বিক্রয় করাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অপর একদল বিশেষজ্ঞ সাহাবী ও



অপরাপর আলিম মাকরাহ বলেছেন। এই মত দিয়েছেন সুফিয়ান সাওরী, মালিক ও আওযাঈ।

# **English**

### Narrated Jabir:

"A man among the Ansar decided to free a slave of his after his death. He died but he left no wealth behind beside the slave. So the Prophet (ﷺ) sold him and Nu'aim [bin 'Abdullah] bin An-Nah-ham bought him." Jabir said: "He was Coptic slave who died during the first year of the leadership of Ibn Az-Zubair."

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Sahih and it has been reported through more than one route from Jabir bin 'Abdullah.

This Hadith is acted upon according to some of the people of knowledge among the Companions of the Prophet () and others. They did not see any harm in the sale of Mudabbar. This is the view of Ash-Shafi'i, Ahmad and Ishaq. There are those among people of knowledge, among the Companions of the Prophet () and others, who disliked selling the Mudabbar. This is the view of Sufyan Ath-Thawri, Malik and Al-Awza'i.

## ফুটনোট

মালিক মৃত্যুবরণ করার পর গোলাম আযাদ হবে, এই শর্তে কোন গোলাম আযাদ করাকে "মোদাববার" বলা হয়। -অনুবাদক

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন